

ক্রমিক নং	বিষয়	অনুমোদিত/পিসিপি অনুমোদিত প্রকল্প/কর্মসূচী	অননুমোদিত (সংশোধিত অননুমোদিত সহ) প্রকল্প/কর্মসূচী	অনুসরণীয় শর্তাবলী
১	২	৩	৪	৫
১০.	এডিপি বহির্ভূত টাকা অবমুক্তি (নগদায়ন)	(১) উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদিত চুক্তির শর্তানুসারে খাদ্য মন্ত্রণালয় প্রাপ্য খাদ্যশস্যের বিক্রয়লব্ধ অর্থ বাংলাদেশ ব্যাংকের নির্দিষ্ট হিসাবে স্থানান্তর সংক্রান্ত মানিটাইজেশন আদেশ জারী পূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে। অতঃপর প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ হতে এই খাতে বরাদ্দকৃত অর্থ হতে টাকা প্রাপ্তির সম্মতি গ্রহণ করবে। বাজেট অনুবিভাগের উক্ত সম্মতিসহ উন্নয়ন অনুবিভাগে অর্থ অবমুক্তি/স্থানান্তরের জন্য নথিতে প্রস্তাব প্রেরণ করবে।		
		(২) প্রশাসনিক মন্ত্রণালয় প্রস্তাবের সাথে (১) বিভাজন (সংলগ্নী-৪৫ অনুযায়ী) (২) অবমুক্তি, ব্যয় ও অবায়িত টাকা সম্পর্কে ব্যাংক স্টেটমেন্ট এবং (৩) চুক্তি অনুসারে প্রস্তাবিত টাকা দিয়ে কি কাজ করা হবে ও পূর্ববর্তী বছরের টাকা দিয়ে কি কাজ করা হয়েছে তার বিবরণ দাখিল করবে।		
		(৩) অর্থ বিভাগের উন্নয়ন অনুবিভাগ থেকে সম্মতি পাওয়ার পর প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (সি. এ. ও.) বরাবরে জি. ও. জারী করবে সে প্রেক্ষিতে সি. এ. ও. খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় সমন্বয় (Reconciliation) আদেশ জারী করবে।		
		(৪) খাদ্য মন্ত্রণালয় খাদ্য শস্য মানিটাইজেশনের মাধ্যমে প্রাপ্ত অর্থের হিসাব সি. এ. ও. খাদ্য, অর্থ বিভাগের বাজেট উইং, উন্নয়ন উইং, সিজিএ ও বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাদ্দ অনুযায়ী ব্যয়ের হিসাব সি. এ. ও. খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ও উন্নয়ন বাজেট অনুবিভাগকে জানাবে।		
		(৫) বাজেট অনুবিভাগ এই খাতে বরাদ্দকৃত অর্থ, মন্ত্রণালয়/বিভাগওয়ারী বিভাজনের কপি খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ও উন্নয়ন অনুবিভাগে প্রেরণ করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রতি অর্থ বছরের শেষ সপ্তাহে সমন্বয় আদেশ জারী করে তার একটি কপি সি. এ. ও. খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, সি. জি. এ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ ও উন্নয়ন অনুবিভাগে প্রেরণ করবে।		
১১.	এডিপি বহির্ভূত জিওবি অর্থ অবমুক্তি (পিকেএসএফ / এসডিএফ/ বিএমডিএফ ইত্যাদি)	(১) অননুমোদিত প্রকল্প ডকুমেন্টের সংস্থান মোতাবেক ফান্ডের গভর্নিং বোর্ড কর্তৃক সুপারিশকৃত বাজেট প্রস্তাব যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।		
		(২) উন্নয়ন বাজেট অনুবিভাগ উহা পরীক্ষান্তে রাজস্ব বাজেট অনুবিভাগে প্রেরণ করবে।		
		(৩) সংস্থা প্রধান বিভাজন আদেশ (সংলগ্নী-১), সংলগ্নী-৪ ও সংলগ্নী-৫ যথাযথভাবে পূরণ করে ব্যাংক একাউন্টের স্টেটমেন্টসহ অর্থ বিভাগে অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করবে।		
		(৪) বাজেট অনুবিভাগের সম্মতি নিয়ে অর্থ ছাড় করতে হবে এবং বাজেট অনুবিভাগ অর্থ ছাড়ের জি. ও সমস্বাক্ষর করবে।		
		(৫) ব্যবস্থাপনা পরিচালক আয়ন-ব্যয়ন কর্মকর্তা হবেন। অর্থ বিভাগের সংশ্লিষ্ট সিনিয়র সহকারী সচিবের প্রতিস্বাক্ষরিত বিলের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা অর্থ ছাড় করবে।		
		(৬) যাবতীয় বিল -ভাউচার বিধি অনুযায়ী নিরীক্ষিত হতে হবে এবং নিরীক্ষা প্রতিবেদনের কপি প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে দাখিল করতে হবে।		